

মোহনগঞ্জ মহিলা কলেজের ২৩৫ জন

ছাত্রী উপবৃত্তির টাকা পাচ্ছে না

মোহনগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা : উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্রীদের উপবৃত্তি প্রদানের নির্দেশ থাকা সত্ত্বেও মোহনগঞ্জ মহিলা কলেজের ২৩৫ জন ছাত্রী এ প্রকল্প থেকে বাদ পড়েছে। ফলে ছাত্রী ও অভিভাবকদের মধ্যে চরম হতাশার সৃষ্টি হয়েছে এবং কলেজ কর্তৃপক্ষও চরম বিপাকে পড়েছে।

কলেজ সূত্রে জানা গেছে, উপবৃত্তি বিষয়ক প্রকল্প কর্মকর্তার নির্দেশ অনুযায়ী এই প্রতিষ্ঠানের ছাত্রীদের উপবৃত্তি প্রদানের জন্য স্থানীয় অগ্রাধিকার নত আগস্ট মাসে বিস্তারিত হওয়া হয়। কিন্তু ওরা সেন্টেজর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তরের মহাপরিচালকের কার্যালয় থেকে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) স্বাক্ষরিত এক সার্কুলারে জানানো হয়, স্বীকৃতিবিহীন কোন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীরা উপবৃত্তির টাকা উত্তোলন করতে পারবে না। অথচ মোহনগঞ্জ মহিলা কলেজটি গত ২০০১-২০০২ শিক্ষাবর্ষে ছাত্রী ভর্তির অনুমতি পেয়েছে। অনুমতিপ্রাপ্ত এ কলেজের কোড নং ৮২৫৮। অনুমতিপ্রাপ্তির পর ২০০১-২০০২ শিক্ষাবর্ষে ১৯ ২৩ জন ছাত্রী ভর্তি হয় এবং চলতি শিক্ষাবর্ষে ভর্তি হয় ১৯ ১২ জন ছাত্রী। ওই ২৯ ৩৫ জন ছাত্রী উপবৃত্তি প্রকল্প থেকে বাদ পড়ায় ছাত্রী ও অভিভাবকদের মধ্যে কোভের সৃষ্টি হয়েছে।

অন্যদিকে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে উপবৃত্তি চাপ হওয়ায় এবং ছাত্রীদের বিনা বেতনে পড়ার সুযোগ দেয়ায় এ

কলেজের ছাত্রীদের কাছ থেকে মাসিক বেতন আদায় করাও সম্ভব হচ্ছে না। ফলে ওই শিক্ষা প্রতিষ্ঠানটি এখন চরম আর্থিক সমস্যায় পড়েছে।

২ এদিকে ওরা সেন্টেজরের সার্কুলার অনুযায়ী স্বীকৃতিবিহীন কোন শিক্ষা প্রতিষ্ঠানকে উপবৃত্তি প্রকল্পের আওতাভুক্ত করা যাবে না বলে নির্দেশ থাকা সত্ত্বেও এ উপজেলায় একটি স্বীকৃতিবিহীন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীরা উপবৃত্তির টাকা উত্তোলন করেছে বলে উপবৃত্তি প্রকল্প অফিস সূত্রে জানা গেছে। তাই এলাকাবাসী মোহনগঞ্জ মহিলা কলেজটিকে আর্থিক দুর্গতি থেকে রক্ষা কবে ছাত্রীদের উপবৃত্তি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবি জানাচ্ছেন।